



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৪.২৯.০০১.২০.৩০

তারিখ: ২২ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
০৪ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: স্নাতক ও সমমান পর্যায়ে উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে প্রতিবন্ধকতা দূরীকরণে শিক্ষার্থী/অংশীজনদের অংশগ্রহণে দিনব্যাপী কর্মশালার প্রতিবেদন প্রেরণ।

সূত্র: জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম ৩.৪ অনুযায়ী

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম ৩.৪ অনুযায়ী স্নাতক ও সমমান পর্যায়ে উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে প্রতিবন্ধকতা দূরীকরণে শিক্ষার্থী/অংশীজনদের অংশগ্রহণে গত ২৭ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি: তারিখ সোমবারে অনুষ্ঠিত দিনব্যাপী কর্মশালার প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি: কর্মশালার প্রতিবেদন।

০৫-০৪-২০২৩
আবদুন নূর মুহম্মদ আল ফিরোজ
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
০২-৮১৯২২০০
md@pmeat.gov.bd

সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

দৃষ্টি আকর্ষণ:

উপসচিব, বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৪.২৯.০০১.২০.৩০/১ (১)

তারিখ: ২২ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
০৪ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:

১। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।



০৬-০৪-২০২৩
রেজওয়ানা আক্তার জাহান
সহকারী পরিচালক

প্রতিবেদনের অংশ:

বিষয় : স্নাতক ও সমমান পর্যায়ের উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে প্রতিবন্ধকতা দূরীকরণে শিক্ষার্থী/অংশীজনদের অংশগ্রহণে দিনব্যাপী কর্মশালার প্রতিবেদন প্রেরণ।

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম ৩.৪ অনুযায়ী স্নাতক ও সমমান পর্যায়ের উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে প্রতিবন্ধকতা দূরীকরণে শিক্ষার্থী/অংশীজনদের অংশগ্রহণে দিনব্যাপী কর্মশালা ২৭ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি: তারিখ সোমবার অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালা উদ্বোধন করেন ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) জনাব আবদুন নূর মুহম্মদ আল ফিরোজ (অতিরিক্ত সচিব)।

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক স্নাতক ও সমমান পর্যায়ের উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে প্রতিবন্ধকতা দূরীকরণে শিক্ষার্থী/অংশীজনদের অংশগ্রহণে দিনব্যাপী কর্মশালায় মোট ৩৬ জন অংশগ্রহণ করেন। কর্মশালায় ৬ জন শিক্ষক প্রতিনিধি (উপাধ্যক্ষ ও ১ জন শিক্ষক প্রতিনিধি, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, ঢাকা; ১ জন শিক্ষক প্রতিনিধি, শহীদ সোহরাওয়ার্দী সরকারি কলেজ, ঢাকা; অধ্যক্ষ, আবুজর গিফারী কলেজ, ঢাকা; সুপার, দারুল উলুম আহসানিয়া কামিল মাদ্রাসা, নারিন্দা, ঢাকা এবং ১ জন শিক্ষক প্রতিনিধি, শেখ বোরহানউদ্দিন ডিগ্রী কলেজ, ঢাকা), ৬ জন থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (গুলশান, লালবাগ, শাহআলী, কোতয়ালী, শ্যামপুর, বাড্ডা, কাফরুল এবং পল্লবী) এবং ২ জন সাংবাদিক প্রতিনিধি (দেশ রূপান্তর এবং আমাদের সময়) উপস্থিত ছিলেন। কর্মশালায় সঞ্চালক ছিলেন ট্রাস্টের উপপরিচালক (উপসচিব) জান্নাতুল ফেরদৌস। সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) রেজওয়ানা আক্তার জাহান এবং সহকারী পরিচালক (প্রশাসন) জনাব আশ্রাফুল মামুন কর্মশালায় রিপোর্টিয়ার হিসেবে দায়িত্ব পালন করেন। ট্রাস্টের সম্মেলন কক্ষে সম্পূর্ণ স্বাস্থ্যবিধি মেনে অনুষ্ঠিত উক্ত কর্মশালায় প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন যথাক্রমে ট্রাস্টের পরিচালক (যুগ্ম সচিব) কাজী দেলোয়ার হোসেন এবং সহকারী পরিচালক (উপবৃত্তি) জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ। উক্ত কর্মশালাটি সঞ্চালনা করেন ট্রাস্টের উপপরিচালক (উপসচিব) জনাব জান্নাতুল ফেরদৌস।

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ২৭ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি: তারিখে আয়োজিত দিনব্যাপী কর্মশালার স্থিরচিত্র-

